

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৬৪

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭৮. যে ব্যক্তি রুকৃ' ও সিজদা পূর্ণরূপে আদায় করে না, তার সম্পর্কে

بَابِ فِي الَّذِي لَا يُتِمُّ الرُّكُوعَ وَالسُّجُودَ

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ مُوسَى حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنْ الْأَوْزَاعِيِّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَسْوَأُ النَّهِ سَرِقَةً الَّذِي يَسْرِقُ صَلَاتَهُ قَالُوا يَا رَسُولَ اللَّهِ وَكَيْفَ يَسْرِقُ صَلَاتَهُ قَالَ لَا يُتِمُّ لِنَّاسِ سَرِقَةً الَّذِي يَسْرِقُ صَلَاتَهُ قَالُوا يَا رَسُولَ اللَّهِ وَكَيْفَ يَسْرِقُ صَلَاتَهُ قَالَ لَا يُتِمُّ رُكُوعَهَا وَلَا سُجُودَهَا

বাংলা

১৩৬৪. আবী কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: সবচেয়ে নিকৃষ্ট চোর হলো সেই লোক যে তার সালাত চুরি করে।" তারা বললো, ইয়া রাসূলুল্লাহ! সালাত আবার সে কিভাবে চুরি করে? তিনি বললেন: "সে সালাতের রুকৃ' ও সিজদা কোনোটিই পরিপূর্ণভাবে আদায় করে না।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। এতে ওয়ালিদ ইবনু মুসলিম 'আন'আন পদ্ধতে এটি বর্ণনা করেছেন। (তবে আবী হুরাইরা থেকে সহীহ সনদে এটি বর্ণিত হয়েছে ইবনু হিব্বান ১৮৮৮, হাকিম ১/২২৯; আহমাদ ৫/৩১০ ও অন্যান্যরা। দেখুন মাওয়ারিদুয যাম'আন নং ৫০৩ এ মুহাক্কিকের টীকাটি ও আল ইহসান, নং ১৮৮৮ আরনাউত্বের টীকাটিও। অনুবাদক))

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি আবী ইয়া'লা'র মু'জামুস শুয়ূখ' নং ১৫০ এবং সেখানে এর সনদকে সহীহ বলা ভূল হয়েছে; এবং মাজমাউয যাওয়াইদ নং ২৭৪৪ এ।

তবে এর শাহিদ হাদীস রয়েছে আবী সাঈদ খুদরী, আবী হুরাইরা ও আব্দুল্লাহ ইবনু মুগাক্ফাল হতে। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৭৪৫, ২৭৪৬, ২৭৪৭ এ।



আবী হুরাইরা'র সহীহ হাদীসটি আমরা সহীহ ইবনু হিব্বান নং ১৮৮৮; মাওয়ারিদুয যাম'আন নং ৫০৩ এ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন